



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(বিএমটি শাখা)

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০২.১০.০১১.২৬.১৬৬

তারিখ: ২১-০৫-২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ২০২৬ যথাযথ নিয়মে, সুষ্ঠু, সুন্দর, মানসম্পন্ন ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে সিসিটিভি (আইপি ক্যামেরা) স্থাপন করে কেন্দ্র ও সিসিটিভি সংক্রান্ত তথ্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ২০২৬ যথাযথ নিয়মে, সুষ্ঠু, সুন্দর, মানসম্পন্ন ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে কেন্দ্রের কন্ট্রোলরুম, পরীক্ষা কক্ষসহ গুরুত্বপূর্ণ সকল স্থানে সিসিটিভি (আইপি ক্যামেরা) স্থাপন করতে হবে যেন দূর থেকে (বোর্ড বা মন্ত্রণালয়) যে কোন সময়ে এক্সেস করা যায়। যে সকল পরীক্ষা কেন্দ্রে সিসিটিভি (আইপি ক্যামেরা) নাই সে সকল কেন্দ্রে আগামী ১০/০৬/২০২৬ তারিখের মধ্যে সিসিটিভি (আইপি ক্যামেরা) স্থাপন করে বোর্ডকে অবহিত করতে হবে। কেন্দ্র ও সিসিটিভি সংক্রান্ত তথ্য (কেন্দ্র কোড, কেন্দ্রের নাম ও ঠিকানা, অধ্যক্ষ/কেন্দ্র সচিবের নাম, মোবাইল নম্বর, ই-মেইল, হোয়াটস অ্যাপ নম্বর, সিসিটিভির ইউজার নাম, পাসওয়ার্ড, এনভিআর সিরিয়াল নম্বর, ক্লাউডসি আইডি (প্রয়োজ্য ক্ষেত্রে), রেজিস্টার কোড (প্রয়োজ্য ক্ষেত্রে) বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে নিম্নের লিংকে আগামী ১০/০৬/২০২৬খ্রিঃ তারিখে মধ্যে আবশ্যিকভাবে প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে সিসিটিভি (আইপি ক্যামেরা) স্থাপন এবং লিংকে তথ্য প্রদান না করলে কেন্দ্র বাতিল করা হবে। সিসিটিভিতে ধারণকৃত সকল রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং বোর্ড বা মন্ত্রণালয় কর্তৃক চাহিবামাত্র প্রেরণ করতে হবে।

bteb.gov.bd → Institute Corner Login (SSC & HSC) → Center info
Add center information → Fillup center information form → update.

এছাড়া নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় ব্যবস্থাগুলো জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে।

- পরীক্ষার কক্ষে প্রয়োজনীয় লাইট, ফ্যান, সচল দেয়াল ঘড়ির ব্যবস্থা করা।
- ফটোকপি মেশিন ও প্রিন্টারের ব্যবস্থা করা।
- সীমানা প্রাচীরের কোন সমস্যা থাকলে তা মেরামতের ব্যবস্থা করা।
- ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক তল্লাশি কক্ষ/বুথের ব্যবস্থা করা।
- বিকল্প বিদ্যুৎ-এর ব্যবস্থা করা।
- ল্যাবে প্রয়োজনীয় সংখ্যক সচল কম্পিউটারের ব্যবস্থা করা।
- বেঞ্চ, ডেস্ক টেবিল বা টেবুলয়েড চেয়ার যেন ছিদ্রযুক্ত বা উচু-নিচু না থাকে তার ব্যবস্থা করা।
- এছাড়া পরীক্ষা পরিচালনা নীতিমালা ২০১২ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

অধ্যক্ষ/কেন্দ্র সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল
এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা
২০২৬ এর কেন্দ্রসমূহ।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০২.০০২.২৬.১৬৬(৭)

তারিখ: ২১-০৫-২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ৩) সচিব/পরিচালক(কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
- ৭) সংশ্লিষ্ট নথি।

(মো: জাহেদুল কবির খান)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)

ফোন: ০২-৫৫০০৬৫২৯ (অফিস)।